

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

সাধারণ আদেশ নং-১২/২০০৮/শুস্ক/৪৩৯(১-১৫)

তারিখ: ১০.০৬.২০০৮ইং

শতভাগ রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠানসমূহের রপ্তানি কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য রপ্তানিমুখী প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন সংগঠনের পক্ষ হতে একই মালিকানাধীন/একই প্রতিষ্ঠানের আওতায় একাধিক স্থানে প্রতিষ্ঠিত বিভিন্ন স্তরের উৎপাদন ইউনিটের কার্যক্রমকে মূল বন্ডেড প্রতিষ্ঠানের অংশ হিসেবে বিবেচনা করার অর্থাৎ বিদ্যমান Bond সুবিধার Continuation বা extension হিসেবে বিবেচনার জন্য আবেদন জানানো হয়ে আসছে। বিজিএমইএ ও বিকেএমইএসহ অন্যান্য সংগঠনের আবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আলোচ্য বিষয়টি বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়েছে।

০২। সার্বিক পর্যালোচনায় প্রতিযোগিতামূলক আন্তর্জাতিক বাজারে টিকে থাকার স্বার্থে ও রপ্তানি বাণিজ্য প্রসারের স্বার্থে বাস্তবতার প্রেক্ষাপটে নিম্নবর্ণিত শর্তে Continuation Bond সুবিধা প্রদানের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি জ্ঞাপন করেছে, যথা:

- (১) একই মালিকানাধীন বন্ডেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে;
- (২) একই Bond licence এর আওতায় সর্বোচ্চ দুটি স্থানে অবস্থিত চলমান ২টি ফ্যাক্টরীর জন্য এ সুবিধা প্রযোজ্য হবে;
- (৩) নতুন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে যে ধরনের সতর্কতা বা যাচাইমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় এ ক্ষেত্রেও অনুরূপ পদ্ধতি অনুসরণপূর্বক কমিশনার (বন্ড) সম্মত হলে তিনি এ ধরনের Continuation Bond এর অনুমতি প্রদান করতে পারবেন;
- ১(৪) নীট, ওভেন, ডাইং ও প্রিন্টিং, টাওয়েল, লিলেন, হোম টেক্সটাইল খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে;]
- (৫) এ সুবিধা বন্ড কমিশনারের আওতায় মূল প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ৬০ কিলোমিটার radius এর মধ্যে যে সকল এলাকায় BGMEA, BKMEA, BTTLMEA, BTMA ভুক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম চালু রয়েছে শুধু সে সব এলাকায় Continuation বন্ড সুবিধা প্রদান করা যাবে;] এবং
- (৬) Continuation/Extended Bond সুবিধা প্রাপ্ত ফ্যাক্টরীটি মূল বন্ড লাইসেন্স এর আওতাধীন হলেও সম্পূর্ণ পৃথক পৃথক প্রতিষ্ঠান/ফ্যাক্টরীতে যেভাবে পৃথক হিসাব খাত/রেজিস্টার, দলিলাদি সংরক্ষণ, আনুষ্ঠানিকভাবে সম্পন্ন ও পদ্ধতি অনুসরণ করতে হয় Continuation Bond এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রেও তা একইভাবে আলাদা আলাদা সংরক্ষণ করতে হবে এবং প্রতিপালনীয় হবে।

স্বাক্ষরিত/-

(ড. মো: সহিদুল ইসলাম)

প্রথম সচিব (শুস্ক: রপ্তানি ও বন্ড)

<sup>১</sup> জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-২(২)শুস্ক: রপ্তানি ও বন্ড/২০০৭/৪৬(১) তারিখ ৩১.০১.২০১০ দ্বারা সংশোধিত।